দৈনিক
আমাদের সময়

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ১২ কলাম ৪

মেডিক্যালে ভর্তি পরীক্ষা

# দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীর নম্বর কাটা যাবে

**নিজস্ব প্রতিবেদক ●** মেডিক্যাল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়া পরীক্ষার্থীর মোট নম্বর থেকে ৫ নম্বর কেটেই তৈরি করা হবে মেধা তালিকা। আপিল বিভাগের চেম্বার জজ হাসান ফয়েজ সিদ্দিকী গতকাল নম্বর না কাটার বিষয়ে হাইকোর্টের আদেশের ওপর স্থগিতাদেশ দিয়েছেন। আগামী ৩ অক্টোবর এ বিষয়ে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির দিন নির্ধারণ করেন আদালত।

গতকাল আদালতে রিটের পক্ষে শুনানি এরপর পৃষ্ঠা ৬, কলাম ১

## দ্বিতীয়বার অংশ নেওয়া

(শেষ পৃষ্ঠার পর) করেন আইনজীবী ইউনুছ আলী আকন্দ। রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। এ আদেশের পর দ্বিতীয়বার পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের নম্বর কাটতে কোনো বাধা নেই বলে জানিয়েছেন মাহবুবে আলম। এর আগে গত মঙ্গলবার বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেনের হাইকোর্ট বেঞ্চ সরকারি আদেশ স্থগিত করেছিলেন। এদিকে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান করে গত ২১ আগস্ট পত্রিকায় বিজ্ঞপ্তি দেয় স্বাস্থ্য অধিদপ্তর। সেখানে বলা হয়, এমবিবিএস বা বিডিএস ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশ নেওয়াদের সর্বমোট নম্বর থেকে ৫ নম্বর কেটে মেধা তালিকা তৈরি করা হবে। ওই সিদ্ধান্ত 'মৌলিক অধিকারের পরিপন্থী' দাবি করে ২৭ আগস্ট রিটটি করেন সুপ্রিমকোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ।